



Bangladesh
Cricket Board

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের পরিচালনা পরিষদ-এর
নির্বাচন নীতিমালা-২০১৭ (সংশোধিত)

বাংলাদেশ ক্রিকেট বোর্ড
শের-ই-বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়াম, মিরপুর-২, ঢাকা ১২১৬।



Bangladesh Cricket Board

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের পরিচালনা পরিষদ নির্বাচন-২০১৭-এর নির্বাচন নীতিমালা

১। কাউন্সিলর তালিকা :

বাংলাদেশ ক্রিকেট বোর্ড সর্বশেষ অনুমোদিত গঠনতন্ত্র (২০১৭ সালে সংশোধিত) মোতাবেক কাউন্সিলর তালিকা প্রণয়ন করবে এবং উহা বাংলাদেশ ক্রিকেট বোর্ড কর্তৃক গঠিত নির্বাচন কমিশনে প্রেরণ করবে।

২। নির্বাচন কমিশন সুবিধাজনক সময়ে নির্বাচনী তফসিল ঘোষণা করবেন।

৩। নির্বাচন কমিশন কর্তৃক প্রকাশিত খসড়া ভোটার তালিকার বিরুদ্ধে আপত্তি (যদি থাকে) কমিশন শুনানী সাপেক্ষে নির্বাচন কমিশন ভোটার তালিকা চূড়ান্ত করবেন।

৪। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের পর কোন অবস্থাতেই উহার কোন প্রকার সংশোধন / পরিবর্তন করা যাবে না।

৫। পরিচালক পদে প্রার্থীর যোগ্যতা :

কাউন্সিলর / ভোটারগণ ক্রিকেট বোর্ডের পরিচালনা পরিষদ-এর নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন যদিঃ

(ক) তিনি বাংলাদেশের নাগরিক হন;

(খ) তিনি কোন ফৌজদারী অপরাধে দণ্ডিত না হন কিংবা প্রচলিত কোন আইন-এর বিধান অনুযায়ী বারিত না হন;

(গ) মানসিক ভাবে বিকার গ্রস্থ না হন বা আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত না হন; ও

(ঘ) বাংলাদেশ ক্রিকেট বোর্ডের সংশোধিত গঠনতন্ত্র-২০১৭ অনুযায়ী নির্বাচনে কাউন্সিলর / ভোটার হওয়ার অযোগ্য না হন;

(ঙ) ক্যাটাগরি-১ এর ক্ষেত্রে চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত একজন প্রস্তাবকারী কিংবা সমর্থনকারী পরিচালনা পরিষদের পরিচালক পদের জন্য সংশ্লিষ্ট বিভাগের মোট পরিচালক সংখ্যার চেয়ে বেশী প্রার্থীর প্রস্তাবকারী / সমর্থনকারী হইতে পারিবেন না। প্রস্তাবকারী ও সমর্থনকারীকে সংশ্লিষ্ট বিভাগের ভোটার / কাউন্সিলর হতে হবে। ক্যাটাগরি-১ এর ক্ষেত্রে পরিচালকবৃন্দ স্ব-স্ব বিভাগের কাউন্সিলর কর্তৃক নির্বাচিত হইবেন।

[Handwritten signatures and marks at the bottom of the page, including a large signature on the left and several smaller ones on the right.]



Bangladesh Cricket Board

(চ) ক্যাটাগরি-২ এবং ক্যাটাগরি-৩ এর ক্ষেত্রে চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত একজন প্রস্তাবকারী কিংবা সমর্থনকারী পরিচালনা পরিষদের পরিচালক পদের জন্য সংশ্লিষ্ট ক্যাটাগরির মোট পরিচালক সংখ্যার চেয়ে বেশী প্রার্থীর প্রস্তাবকারী / সমর্থনকারী হইতে পারিবেন না। প্রস্তাবকারী ও সমর্থনকারীকে সংশ্লিষ্ট ক্যাটাগরির ভোটার / কাউন্সিলর হতে হবে।

৬। রিটার্নিং অফিসার এবং সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ :

নির্বাচন কমিশন বাংলাদেশ ক্রিকেট বোর্ডের পরিচালনা পরিষদ নির্বাচন সুষ্ঠুভাবে পরিচালনার জন্য একজন উপযুক্ত রিটার্নিং অফিসার এবং এক বা একাধিক সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ করবেন। তবে প্রয়োজনে রিটার্নিং অফিসার এক বা একাধিক প্রিজাইডিং অফিসার ও সহকারী প্রিজাইডিং অফিসার নিয়োগ প্রদান ও তাদের কর্মপরিধি বা দায়িত্ব নির্ধারণ করতে পারবেন।

৭। রিটার্নিং অফিসারের দায়িত্ব ও কর্তব্য নিম্নরূপ :

- (ক) মনোনয়ন পত্র বিতরণ ও গ্রহণ;
- (খ) মনোনয়ন পত্র বাছাই;
- (গ) প্রার্থীদের নামের তালিকা প্রকাশ;
- (ঘ) প্রার্থীতা প্রত্যাহার;
- (ঙ) প্রার্থীদের নামের চূড়ান্ত তালিকা প্রকাশ;
- (চ) ভোট গ্রহণ;
- (ছ) ভোট গণনা;
- (জ) প্রাথমিক ফলাফল ঘোষণা;

৮। মনোনয়ন পত্র বাছাই-এর প্রক্রিয়া :

রিটার্নিং অফিসার মনোনয়নপত্র বাছাই করবেন এবং নিম্নোক্ত কারণে মনোনয়নপত্র বাতিল বলে ঘোষণা করতে পারবেন :

- (১) যদি তিনি ৫নং অনুচ্ছেদে বর্ণিত মতে যোগ্যতার অধিকারী না হন;
- (২) যদি তার প্রস্তাবকারী এবং সমর্থনকারী উক্ত যোগ্যতার (৫নং অনুচ্ছেদে বর্ণিত) অধিকারী না হন এবং যদি তাঁরা কাউন্সিলর / ভোটার না হন;



Bangladesh Cricket Board

(৩) যদি প্রার্থীর প্রস্তাবক ও সমর্থনকারীর নাম সঠিক না হয়;

৯। মনোনয়নপত্র বাতিলের বিরুদ্ধে আপীল :

রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইকালে কোন প্রার্থীর মনোনয়নপত্র বাতিল করলে প্রার্থী নির্বাচন কমিশনের নিকট নির্বাচনী তফসিলে বর্ণিত সময়ের মধ্যে আপিল করতে পারবেন। নির্বাচন কমিশন শুনানী অস্ত্রে আপিল নিষ্পত্তি করবেন এবং এ ক্ষেত্রে কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০। ভোট গ্রহণের সময় :

নির্বাচন কমিশন ভোট গ্রহণের দিন ও সময় নির্ধারণ করে অবগতির জন্য সংশ্লিষ্ট সকলকে জানানোর ব্যবস্থা নিশ্চিত করবেন।

১১। ব্যালট বাক্স :

নির্বাচন কমিশন ব্যালট বাক্সের ব্যবস্থা করবেন। ভোট গ্রহণের পূর্বে রিটার্নিং অফিসার ব্যালট বাক্সগুলো সম্পূর্ণ খালি বলে নিশ্চিত হবেন এবং ভোট কক্ষে উপস্থিত সকলকে খালি বাক্স প্রদর্শন করে বাক্স বন্ধ ও সীলগালা করবেন।

১২। ব্যালট :

নির্বাচন কমিশন সম্পূর্ণ গোপনীয়তা ও নিরাপত্তা নিশ্চিত করে ব্যালট পেপার প্রস্তুত করবেন।

১৩। ভোট গ্রহণের পদ্ধতি :

(ক) ব্যালট পেপারের প্রার্থীর নামের পাশে নির্ধারিত স্থানে ক্রস (X) চিহ্ন বা টিক (✓) চিহ্নের মাধ্যমে ভোট প্রদান করতে হবে। তবে ভোট প্রদানের নির্ধারিত ঘর (স্থান)-এর বাহিরে কিংবা দুই প্রার্থীর নামের মধ্যখানে (বর্ডার লাইনে) ক্রস (X) চিহ্ন বা (✓) চিহ্ন প্রদান করলে উক্ত ভোট বাতিল বলে গণ্য হবে।

(খ) (i) ক্যাটাগরী-১ এর ক্ষেত্রে একজন ভোটারকে বাংলাদেশ ক্রিকেট বোর্ড গঠনতন্ত্র (২০১৭ সালে সংশোধিত) অনুযায়ী অঞ্চল ভিত্তিক বিভাজনে নির্ধারিত পরিচালক সংখ্যার সমান সংখ্যক ভোট প্রদান করতে হবে। অন্যথায় তার ভোট বাতিল বলে গণ্য হবে।

(ii) ক্যাটাগরীঃ ২ এবং ক্যাটাগরীঃ ৩-এর পরিচালক নির্বাচনের ক্ষেত্রে একজন ভোটারকে স্ব স্ব ক্যাটাগরীর মোট পরিচালক সংখ্যার সমান সংখ্যক ভোট প্রদান করতে হবে, অন্যথায় তার ভোট বাতিল বলে গণ্য হবে।

